গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুজানগর, পাবনা।
www.sujanagar.pabna.gov.bd

## হাট/বাজার ও আমদানি-রপ্তানি ঘাট ইজারা বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর-০১/২০২৩-২০২৪ তারিখ-৩১ জানুয়ারি ২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজারসমূহ ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এবং স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩১.০১১১.০০১.২০১৮.৯৩ নং পরিপত্র মোতাবেক সুজানগর উপজেলাধীন নিম্নোক্ত "ক" তপশীল বর্ণিত হাট/বাজার ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে হাট/বাজার ইজারা গ্রহনেচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ (১) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, (২) জেলা প্রশাসকের কার্যালয়, (৩) সহকারী কমিশনার (ভূমি), সুজানগর, পাবনা'র কার্যালয়, (৪) অফিসার ইনচার্জ, সুজানগর থানা'র কার্যালয় এবং (৫) সোনালী ব্যাংক লিঃ, সুজানগর শাখা থেকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে নিম্নোল্লিখিত দিনপঞ্জি মতে অফিস চলাকালীন (সরকারী ছুটির দিন ব্যতিত) তালিকায় উল্লিখিত (অফেরতযোগ্য) নগদ সিডিউল মূল্য জমা দিয়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন এবং নির্ধারিত তারিখ ও সময়ের শেষে কোন সিডিউল ফরম ক্রয় করা যাবে না। নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়, সুজানগর সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না। ঐ দিনই দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। উল্লেখ্য যে, ১ম বারের টেন্ডারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত না হলে টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত "খ" তপশীলে বর্ণিত দিন পঞ্জিকায় উল্লিখিত তারিখসমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এর জন্য আলাদা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

### -- তফশীল

| ক্রমিক নং | হাট/ বাজারের নাম | ১৪৩১ সনের ইজারার নির্ধারিত মুল্য | ১৪৩১ সনের ইজারার সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১। | হেমরাজপুর হাট | ৬,৯৫৮/- | ৫০০/- |
| ০২। | কুড়িপাড়া হাট | ১,৩৫,৯৯৬/- | ১০০০/- |
| ০৩। | নিশ্চিন্তপুর হাট | ২,০৭,৯০০/- | ১২০০/- |
| ০৪। | কাদোয়া হাট | ১,৫১,৮০০/- | ১০০০/- |
| ০৫। | সাতবাড়ীয়া বাজার | ৮০,৯৬০/- | ৫০০/- |
| ০৬। | মানিকহাট হাট | ৫২,৮৩৬/- | ৫০০/- |
| ০৭। | রায়পুর হাট | ৮,০৭,৩৮৭/- | ২৪০০/- |
| ০৮। | বনকোলা হাট | ৮,৪৪,৪৩২/- | ২৪০০/- |
| ০৯। | কামালপুর হাট | ৭২,৯৩৪/- | ৫০০/- |
| ১০। | নুরু উদ্দিনপুর হাট | ২১,৮০৫/- | ৫০০/- |
| ১১। | শ্যামগঞ্জ হাট | ৫১,৯১,০৮৩/- | ১১০০০/- |
| ১২। | খলিলপুর নুতন হাট | ১০,৫০,১২২/- | ২৮০০/- |
| ১৩। | সাগরকান্দী বাজার | ৩,০১,৬৭৫/- | ১৪০০/- |
| ১৪। | ভাতশালা হাট | ১,১৫৬/- | ৫০০/- |
| ১৫। | নাখারাজ হাট | ১,১১৮/- | ৫০০/- |
| ১৬। | বাদাই হাট | ৪৯,৮৫০/- | ৫০০/- |
| ১৭। | বাঘলপুর বাজার | ৩৩,০০০/- | ৫০০/- |
| ১৮। | পোড়াডাংগা হাট | ৩,৪১,০০০/- | ১৪০০/- |
| ১৯। | তাতিবন্দ হাট | ৪,২২৪/- | ৫০০/- |
| ২০। | ঘোড়াদহ হাট | ১৫,৯৫০/- | ৫০০/- |
| ২১। | দুলাই হাট | ৬,৮৩,৬৫০/- | ২০০০/- |
| ২২। | চিনাখড়া হাট | ৩০,২৯,২৫৯/- | ৬৬০০/- |
| ২৩। | বিরাহিমপুর হাট | ৫৭,২০০/- | ৫০০/- |
| ২৪। | চরগোবিন্দপুর হাট | ২,৩৫,৬৯৩/- | ১২০০/- |
| ২৫। | ফকির হাট(চব্বিশ মাইল) | ৩,৪৬,১৩৫/- | ১৪০০/- |
| ২৬। | উদয়পুর হাট | ১,৪২০/- | ৫০০/- |
| ২৭। | গোয়ারিয়া হাট | ২২,১৮১/- | ৫০০/- |
| ২৮। | নাজিরগঞ্জ হাট | ১০,১৫,৫৬৫/- | ২৮০০/- |
| ২৯। | শান্তিপুর হাট | ১০,৪৫০/- | ৫০০/- |
| ক্র:নং | ঘাটের নাম | ১৪৩১ সনের সম্ভাব্য মুল্য | মন্তব্য |
| ০১। | নাজিরগঞ্জ আমদানী-রপ্তানী ঘাট | ২,৭৬,৬৫৪.০০ | |

### "খ" তফশীল

| পর্যায় | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ১৪/০২/২০২৪ বিকাল ০৫.০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ দুপুর ০২.০০টা |
| ২য় বার | ২৮/০২/২০২৪ বিকাল ০৫.০০টা পর্যন্ত | ২৯/০২/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ২৯/০২/২০২৪ দুপুর ০২.০০টা |
| ৩য় বার | ০৬/০৩/২০২৪ বিকাল ০৫.০০টা পর্যন্ত | ০৭/০৩/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ০৭/০৩/২০২৪ দুপুর ০২.০০টা |
| ৪র্থ বার | ১৯/০৩/২০২৪ বিকাল ০৫.০০টা পর্যন্ত | ২০/০৩/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ২০/০৩/২০২৪ দুপুর ০২.০০টা |
| ৫ম বার | ০৩/০৪/২০২৪ বিকাল ০৫.০০টা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ দুপুর ০২.০০টা |

শর্তাবলীঃ–

০১. ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা কার্যকর থাকবে। এখানে উল্লিখিত শর্তাবলী ছাড়াও সরকারি প্রচলিত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) টাকা যে কোন তপশীলভূক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা

CamScanner

হবে। অবশিষ্ট ০৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিজ খরচে নিয়মিত হাট/বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত অর্থ জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দর গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তুর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের অতিরিক্ত টাকা জমা দিতে হবে এবং ১০% হারে আয়কর হিসেবে কোড নং "১-১১৪১-০০৬০-০১১১" এ চালানের মাধ্যমে এবং ১৫% হারে মূল্য সংযোজন কর "মূশক" খাত অর্থ কোড নং " ১-১১৩৩-০০২০-০৩১১" এ চালানের মাধ্যমে সোনালী ব্যাংক সুজানগর শাখায় জমাপূর্বক চালানের মুলকপি নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে। অন্যথায় হাট-বাজার ও আমদানী-রপ্তানী ঘাট ইজারার ডি.সি.আর./দখল নামা প্রদান করা হবে না। ইজারা বাতিল এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত টাকা যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। এই দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মুল্যের চেয়ে কম হয়, তা হলে কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

০৫. এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট/বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না এবং দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যবে না। ইজারাদারকে নিজ হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করতে হাব।

০৮. প্রত্যেক হাট/বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে । দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোন ক্রমেই ইজারাকৃত হাট/বাজার ও আমদানী-রপ্তানী ঘাট সাব লীজ দিতে পারবেন না। সাব লীজ প্রদান করা হলে বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল অলিখিত ষ্ট্যাম্প অবশ্যই সংযুক্ত করে দাখিল করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে অথবা লটারীর মাধ্যমে ইজারাদার নির্ধারণ করা হবে।

১২. ইজারাদারকে নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩.ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শণ রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং উদ্বৃত দর কথায় লিখতে হবে।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তণপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬.কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেণ।

১৭. দরপত্র দাখিলকারীর স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার নাগরিক সনদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

স্বাক্ষরিত/-
সুখময় সরকার
উপজেলা নির্বাহী অফিসার
সুজানগর, পাবনা।
মোবাইল : ০১৭৬২-৬২১০০১
unosujanagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুজানগর, পাবনা

স্মারক নম্বর ০৫.৪৩.৭৬৮৩.০০০.৩৪.০০১.২৪.৮৫

তারিখ ঃ ৩১ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ
০১. জেলা প্রশাসক, পাবনা
০২. পুলিশ সুপার, পাবনা
০৩. উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, পাবনা
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুজানগর, পাবনা
০৬. উপজেলা নির্বাহী অফিসার,..............................(সকল), পাবনা
০৭. সহকারী কমিশনার (ভূমি), সুজানগর, পাবনা।
০৮. মেয়র, সুজানগর পৌরসভা, পাবনা
০৯. উপজেলা ................................................অফিসার, সুজানগর, পাবনা। তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য
১০.অফিসার ইনচার্জ, সুজানগর থানা/আমিনপুর থানা, পাবনা। ।
১১. ব্যবস্থাপক, সোনালী/অগ্রণী/জনতা/রাকাব/উন্টরা/রুপালী ব্যাংক লিঃ, সুজানগর শাখা, পাবনা।
১২. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সুজানগর, পাবনা। ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, সুজানগর, পাবনা। ঢোল শহরতের মাধ্যমে প্রচারের জন্য।
১৪.জনাব...................................................পিতা...............................................সাং........................সুজানগর, পাবনা
মোবাইল নম্বর :
পূর্ব ইজারাদার.........................................

৩১/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
সুজানগর, পাবনা

CS CamScanner